

নম্বর-৩৮.১০১.০৩৩.০০.০০.০০১.২০১৮- ৬৪৫

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৯
১৩ সেপ্টেম্বর ২০২২

বিষয়: সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা ২০২২ প্রেরণ ও অবহিতকরণ।

- সূত্র: (১) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখের ৩৮.০০৮.০২২.০০.০০.০০২.২০১১-২৪৮ সংখ্যক স্মারক।
(২) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ৩৮.০০৮.০২২.০০.০০.০০২.২০১১-২৪৯ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে 'সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা ২০২২' জারি করা হয়েছে। উক্ত নির্দেশিকার অনুষ্টেদ 'ক' (সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক বদলি) অনুযায়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ নির্দেশিকার শর্তসমূহ প্রতিপালনপূর্বক অনলাইনে বদলি হতে পারবেন। একই নির্দেশিকার 'খ' অনুষ্টেদ (প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাদীন মাঠ পর্যায়ের সকল সরকারি কর্মচারী বদলি) অনুযায়ী প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাদীন মাঠ পর্যায়ের কর্মচারীগণ নির্দেশিকার শর্তসমূহ প্রতিপালনপূর্বক অনলাইনে বদলি হতে পারবেন।

২। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ ২০২০ কার্যক্রম চলমান থাকায় বর্তমানে কর্মরত শিক্ষকদের সুবিধার্থে আগামী ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখ হতে সারা দেশে একই উপজেলা/থানার মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও প্রধান শিক্ষকগণের অনলাইনে বদলির কার্যক্রম শুরু হবে। প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকগণ ওয়েব সাইটে প্রদত্ত সফটওয়্যারের লিংকের মাধ্যমে আবেদন করবেন। সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা ২০২২ এর সফটওয়্যার যথাসময়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে (www.dpe.gov.bd) প্রকাশ করা হবে।

৩। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাদীন মাঠ পর্যায়ের কর্মচারীগণের মধ্যে ক) একই কর্মস্থলে যাদের চাকুরিকাল ০৩ (তিন) বছর বা তদুর্ধ্ব; খ) যারা নিজ জেলায় কর্মরত, তাঁরা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখের ৩৮.০০৮.০২২.০০.০০.০০২.২০১১-২৪৮নং স্মারকে বর্ণিত সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা ২০২২ অনুযায়ী www.dpe.gov.bd এ আগামী ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখ হতে তাঁদের পছন্দ উল্লেখপূর্বক বদলির আবেদন করবেন। বর্ণিত শর্তাদীন কর্মচারীগণ আবেদন না করলেও কর্তৃপক্ষ স্বীয় বিবেচনায় তাঁদের বদলি কার্যক্রম সম্পন্ন করবেন।

সংযুক্তি:

- ১। সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা ২০২২।
২। প্রাগম এর ১২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ২৪৯নং স্মারক।



(এ জেড এম নূরুল হক)

পরিচালক (প্রশাসন)

ফোন: ০২-৫৫০৭৪৮২৯

ইমেইল: diradmindpe@gmail.com

বিতরণ:

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল) বিভাগ।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)/ সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
৩। উপজেলা/ থানা শিক্ষা অফিসার (সকল)/ ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল)।

অনুলিপি:

- ১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতি: মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৩। অফিস কপি।